

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-২
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd



জরুরি

নম্বর: ৩১.০০.০০০০.০৫৬.২২.০০১.২০.১৪

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

অফিস আদেশ

মরণব্যাদি করোনা ভাইরাসে (Covid-19) আক্রান্তের সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি রোধকল্পে সরকার কর্তৃক সকল সরকারি ও বেসরকারি অফিস-আদালত ছুটি ঘোষণা করা হয় এবং সাধারণ মানুষের চলাচল সীমিত করা হয়। প্রচলিত বিধি অনুযায়ী প্রতি বাংলা বছরে ৩০ শে চৈত্র তারিখের মধ্যে ভূমি উন্নয়ন কর পরিশোধ বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু বাস্তব পরিস্থিতি বিবেচনা করে ভূমি মন্ত্রণালয় কর্তৃক গত ০৯ এপ্রিল ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫৬.২২.০০১.২০.৮ স্মারকমূলে ১৪২৬ বঙ্গাব্দ সনের ভূমি উন্নয়ন কর পরিশোধের সময়সীমা ৩০ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ মে ২০২০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়।

০২। ইতোমধ্যেই সরকার কর্তৃক ১৬ মে ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। ফলে বর্ধিত সময়সীমার মধ্যেও ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা) আদায়কারী সংশ্লিষ্ট দপ্তর এবং ভূমি উন্নয়ন কর প্রদানকারী সম্মানিত জনগণ/সংস্থা উভয়ের পক্ষে কর আদায়/পরিশোধ করা সম্ভবপর হবেনা মর্মে প্রতীয়মান হচ্ছে। তাছাড়া, পবিত্র ঈদ উল ফিতরের ছুটি আসন্ন। এ বিষয়টিও সরকারের দৃষ্টিগোচরে এসেছে।

০৩। এমতাবস্থায়, সাধারণ ও সংস্থা নির্বিশেষে সকল শ্রেণির ভূমি উন্নয়ন কর আদায়/পরিশোধের সুবিধার্থে আগামী ০১ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ১৫ জুন ২০২০ খ্রিষ্টাব্দ পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায়ের সময়সীমা পুনঃবর্ধিত করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৪-৫-২০২০

মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী
সচিব

ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩

ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫

ইমেইল:

secretary@minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৬.২২.০০১.২০.১৩/১(৫৭০)

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল)মন্ত্রণালয়/বিভাগ।
- ৩) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৪) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।
- ৫) অতিরিক্ত সচিব (..... (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ৬) বিভাগীয় কমিশনার(সকল)।
- ৭) জেলা প্রশাসক (সকল)। তাঁর আওতাধীন সহকারী কমিশনার (ভূমি) গণকে অবহিতকরণের অনুরোধসহ।
- ৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০) উপজেলা নির্বাহী অফিসার(সকল)।
- ১১) সহকারী কমিশনার , (ভূমি) , (সকল)।
- ১২) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়। পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।

১৪-৫-২০২০

মোহাম্মদ শামছুজ্জামান
সিনিয়র সহকারী সচিব